

AME(LCT DTCA)
22/05/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিগি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০১০.১৭-৩০২

তারিখঃ ২৯-০৫-২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থবছরের এইচডিএম প্রতিবেদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের ফেব্রুয়ারি হতে মে মাস পর্যন্ত ১৬,৬২১ কিলোমিটার মহাসড়ক সার্ভে করা হয়েছে। সার্ভেকৃত ১৬,৬২১ কিলোমিটার মহাসড়কের আলোকে জাতীয় মহাসড়ক ৭৯.৬০% Good to Fair Condition এবং অবশিষ্ট জাতীয় মহাসড়ক Poor to Very Bad Condition এ রয়েছে। একইভাবে আঞ্চলিক মহাসড়ক ৬৯.২১% Good to Fair Condition এবং অবশিষ্ট আঞ্চলিক মহাসড়ক Poor to Very Bad Condition এ রয়েছে। জেলা মহাসড়কের ক্ষেত্রে ২৫.৯৩% Good to Fair Condition এবং অবশিষ্ট জেলা মহাসড়ক Poor to Very Bad Condition এ রয়েছে। জোনভিত্তিক বিভিন্ন শ্রেণীর মহাসড়কের Good, Fair, Poor, Bad, Very Bad Condition এ রিপোর্টে রয়েছে। এ রিপোর্টের মাধ্যমে মহাসড়ক রক্ষণাবেক্ষণে প্রকৃত পক্ষে কোন ধরনের দ্বিষ্টমেন্ট দিতে হবে এবং ২০১৬-২০১৭ হতে ২০২০-২০২১ পর্যন্ত বছরভিত্তিক আর্থিক চাহিদা (মিলিয়ন টাকায়) ইত্যাদি অনুধাবন করা যায় বলে প্রতীয়মান হয়। এ প্রতিবেদন এর আলোকে বিভিন্ন ধরনের রক্ষণাবেক্ষণ কাজ (রুটিন মেইন্টেনেন্স, পেরিয়ডিক মেইন্টেনেন্স, পার্শিয়াল রি-কনস্ট্রাকশন) করার জন্য আর্থিক চাহিদার একটি ধারণা দেয়া হয়েছে।

০২। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন শ্রেণীর মহাসড়ক উন্নয়ন ও সম্প্রসারণ পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরস্পর সম্পর্কযুক্ত। রক্ষণাবেক্ষণ কাজের আওতায় নিয়মিতভাবে মেরামত ও সংস্কার করে মহাসড়ক যান চলাচলের জন্য উপযোগী ও নিবির্ভন্ন রাখা হয়। ত্রুটিমুক্ত ভলিউম ও অর্থনৈতিক কার্যক্রম বিবেচনায় মহাসড়কের সম্প্রসারণ বা উন্নয়ন কাজ করার প্রয়োজন দেখা দেয়। সুতরাং উল্লেখিত এইচডিএম প্রতিবেদনটি কেবল রক্ষণাবেক্ষণ কাজের জন্যই প্রযোজ্য এমন নয়, উন্নয়ন পরিকল্পনার সাথেও সংশ্লিষ্ট।

০৩। এমতাবস্থায়, প্রতিটি সড়ক জোনের সড়ক বিভাগভিত্তিক তথ্যাদি সংগ্রহপূর্বক সংযুক্ত ছক (কপি সংযুক্ত) মোতাবেক আগামী ১০ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: বর্ণনামতে।


(মোঃ মাহবুবুল হক)
উপপ্রধান (এডিগি)
ফোন-৯৫১৪২৬৬
E-mail : nfmjnz@yahoo.com

প্রধান প্রকৌশলী,
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/গোপালগঞ্জ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/ময়মনসিংহ জোন।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (যদিই এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। মুখ্যপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৬-৭। অফিস কপি/মাস্টার কপি

এইচডিএম রিপোর্ট ২০১৬-২০১৭ এর আলোকে তথ্যাদি প্রেরণ ছক

সড়ক জোনের নাম:

সড়ক বিভাগ	মহাসড়কের শ্রেণি ও এইচডিএম রিপোর্ট অনুযায়ী পেভমেন্টের মানের ক্যাটাগরিভিত্তিক			বিগত ৩ বছরে কি কি কাজ করা হয়েছে (প্রকল্প/পিএমপি মেজর)	চলমান/পরিকল্পনাধীন প্রকল্প এর নাম (যদি থাকে)	মহাসড়কের বর্তমান অবস্থা	মতামত/মন্তব্য/প্রস্তাব	
উদাহরনস্বরূপ নোয়াখালী বিভাগ	মহাসড়কের তালিকা							
	সড়ক	এইচডিএম রিপোর্ট অনুযায়ী পেভমেন্টের ক্যাটাগরিভিত্তিক	মহাসড়কের নাম (শ্রেণি)					মহাসড়কের দৈর্ঘ্য x প্রশস্ততা (মিটারে)
		Poor						
		Bad						
		Very Bad						

নোট: **Poor** এর নিচে সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীন **Poor** সড়কসমূহের নাম, **Bad** এর নিচে সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীন **Bad** সড়কসমূহের নাম এবং **Very Bad** এর নিচে সংশ্লিষ্ট সড়ক বিভাগের অধীন **Very Bad** সড়কসমূহের নাম লিখতে হবে।